



- বিজ্ঞপ্তি

মঠবাড়িয়ায় বৃত্তি প্রদান অনুষ্ঠান

মঠবাড়িয়ায় ৮০ দরিদ্র মেধাবী শিক্ষার্থীকে বৃত্তি প্রদান

পিরোজপুরের মঠবাড়িয়ায় ৮০জন দরিদ্র মেধাবী শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি সহায়তা হিসেবে নগদ অর্থ প্রদান করা হয়েছে বৃহস্পতিবার স্থানীয় নূরজাহান এ্যান্ড খলিলুর রহমান ফাউন্ডেশনের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পিরোজপুর জেলা প্রশাসক

এ.কে.এম শামিমুল হক ছিদ্দিকী। ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা শিক্ষানুরাগী মোঃ খলিলুর রহমানের সভাপতিত্বে বক্তব্য রাখেন পৌর মেয়র রফিকুদ্দিন আহমেদ ফেরদৌস, উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আহসান হাবিব, উপজেলা ভাইস চেয়ারম্যান সিদ্দিকুর রহমান বাদশা, আলীগ নেতা আজিজুল হক সেলিম মাতুব্বর, থানার ওসি মোঃ নাসির উদ্দিন মল্লিক, শিক্ষক মোস্তফা জামান বান ও সাংবাদিক মিজানুর রহমান মিল্ল। উপজেলার ৩১ মাধ্যমিক স্কুল, ২০ মাদ্রাসা ও ৫ কলেজের মোট ৮০ দরিদ্র মেধাবী শিক্ষার্থীর প্রত্যেককে নগদ দুই হাজার টাকা করে প্রদান করা হয়। বিজ্ঞপ্তি